

শেখ হাসিনার দিন
বদলে সমাজসেবা
এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট
www.dss.sylhetdiv.gov.bd



স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.২৭.০০১.২০.১৮৯

তারিখ: ২৩ চৈত্র ১৪২৬

০৬ এপ্রিল ২০২০

বিষয়: কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং-
৪১.০১.৩৬০০.০০১.১৮.০১৬.০১.৩০৮ তারিখ: ২৪ মার্চ ২০২০

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ এর তাঁর কার্যালয়ের সুত্রোক্ত স্মারকে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করেন যে জনাব নিপুন রায়, প্রবেশন অফিসার, হবিগঞ্জ অতিরিক্ত দায়িত্ব উপতত্ত্বাবধায়ক সরকারি শিশু পরিবার, হবিগঞ্জ গত ২২ মার্চ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং প্রবেশন অফিসারের কার্যালয়, হবিগঞ্জ তালাবদ্ধ অবস্থায় রয়েছে। এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত মোবাইল ও দাপ্তরিক মোবাইল নম্বরে যোগাযোগের চেষ্টা করেও ব্যর্থ হয়েছেন। কর্তৃপক্ষের অনুমতি ব্যাতিত কর্মস্থল ত্যাগের কারণে নবীন কর্মকর্তা হওয়ায় জনাব নিপুন রায় কে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মৌখিকভাবে একাধিকবার সতর্ক করা হয়েছে। কিন্তু সংশ্লিষ্ট অফিসার তা আমলে না নিয়ে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগের অভ্যাস অব্যাহতভাবে চালিয়ে যাচ্ছেন। বর্ণিত কর্মকর্তা সরকারি শিশু পরিবার (বালক), হবিগঞ্জ এর উপতত্ত্বাবধায়ক এর অতিরিক্ত দায়িত্ব পালনকারী। মন্ত্রী পরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যে কোন জরুরী পরিস্থিতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত ছুটিকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীদের নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য কঠোর নির্দেশনা থাকা সত্ত্বেও উক্ত কর্মকর্তা এখন পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত আছেন।

এমতাবস্থায় নিপুন রায়, প্রবেশন অফিসার, হবিগঞ্জ এর বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয় বরাবরে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনানুযায়ী সুত্রোক্ত স্মারক পত্রের কপি-১ (এক) কপি।

৮-৪-২০২০

সন্দীপ কুমার সিংহ
পরিচালক

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
সমাজসেবা অধিদফতর

স্মারক নম্বর: ৪১.২৮.০০০০.০০০.২৭.০০১.২০.১৮৯/১(৬)


তারিখ: ২৩ চৈত্র ১৪২৬

০৬ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব নিপুন রায়, প্রবেশন অফিসার, প্রবেশন অফিসারের কার্যালয়, হবিগঞ্জ
- ২) পরিচালক(প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা

৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, হবিগঞ্জ



৮-৪-২০২০

সন্দীপ কুমার সিংহ
পরিচালক